**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 27 September 2025** **TIME: 7:35 AM**

---

বিটিসি নির্বাচনে বি পিএফ দল সংখ্যাগরিষ্ঠতার দিকে এগিয়ে চলেছে । শেষ পাওয়া তথ্য অনুযায়ী মোট ৪০ টি অসনের মধ্যে বি পি এফ ১৪ টি আসনে জয়লাভ করেছে । ইউ পি পিএল ৪ টি ও বজেপি দুটিতে জয়লাভ করেছে ।

---

কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া গতকাল সমগ্র দেশের প্রায় ৯৮ হাজার স্থানে বি এস এন এলের ৪-জি ষ্টেক সংযোজনের বিষয়ে ঘোষনা করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আনুষ্ঠানিকভাবে এই ব্যবস্থার উদ্ভোধন করবেন । নতুনদিল্লীতে আজ সংবাদ মাধ্যমকে এ বিষয়ে জানিয়ে মন্ত্রী বলেন যে এই ৪-জি ষ্টেকগুলিকে ৫- জিতে উন্নীত করা হবে ও দেশের কোনো একটি স্থান ও এই প্রক্রিয়া থেকে বাদ পড়বেনা ।এই নেটোয়ার্কগুলি

সম্পূর্ণভাবে সফটোয়ার দ্বারা চালিত , ক্লাউড ভিত্তিক ও ভবিষ্যতের প্রযুক্তির অনুকূল বলে তিনি জানান ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু গতকাল নতুন দিল্লীর রাষ্ট্রপতি ভবনের সাংস্কৃতিক কেন্দ্রে আয়োজিত একটি অনুষ্ঠানে জাতীয় ভূ-বিজ্ঞান পুরস্কার ২০২৪ প্রদান করেন । জাতীয় ভূ-বিজ্ঞান পুরস্কার দেশের সবচেয়ে পুরনো এবং সম্মানিত পুরস্কাগুলির মধ্যে অন্যতম । পুরস্কার প্রাপকদের শুভেচ্ছা জানিয়ে রাষ্ট্রপতি বলেন যে ভূ-বিজ্ঞানীদের বিভিন্ন ক্ষেত্রে অসাধারণ কৃতিত্ব এবং অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হয়েছে । মানব সভাত্যার বিকাশে খনিজাত পদার্থ এক বিশেষ ভূমিকা গ্রহণ করে এবং এই খনিজাত পদার্থ শিল্প কারখানাগুলির জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন । শ্রীমতী মুর্মু আরো বলেন যে কয়লা এবং লৌহ ছাড়া শিল্পায়নের কথা কল্পনা করা অসম্ভব । উল্লেখ্য যে খনি মন্ত্রনালয় প্রতি বছর তিনটি শাখায় এই পুরস্কার প্রদান করে আসছে ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন অনুষ্ঠান আগামী ১৯ ও ২০ জানুয়ারী অনুষ্ঠিত হবে । এতে ২০২৫ সালের পয়লা জানুয়ারী থেকে সমাবর্তন অনুষ্ঠানের জন্য জারী করা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা আবেদন পত্র জমা দেবার শেষ দিন পর্যন্ত যেসব ছাত্র ছাত্রী এম

ফিল এবং পি এইচ ডি ডিগ্রীর জন্য আবেদন করবেন তাদের সম্মানিত করা হবে । অর্থাৎ যেসব ছাত্র ছাত্রী চলতি বছরের ৬ নভেম্বরের মধ্যে ই-মেল যোগে তাদের ডিগ্রী সম্পূর্ণ করার আবেদন পত্র সহ ডিগ্রী সম্পূর্ণ করার নোটিফিকেশন অন-লাইন যোগে প্রেরণ করবেন তাদেরকেই ওই দিনের সমাবর্তন অনুষ্ঠানে সম্মানিত করা হবে । এছাড়াও সমাবর্তন অনুষ্ঠানে ইন্টিগ্রেটেড কোর্স , স্নাতক এবং স্নাতকোত্তর পাঠক্রমের ছাত্র ছাত্রীদেরও সার্টিফিকেট প্রদান করা হবে । ইচ্ছুক ছাত্র ছাত্রীদের www.ausexamination.ac.in এই ওয়েবসাইটে আগামী ২০ অক্টোবর বেলা ১২টা ৩০ মিনিটর পর থেকে ৩০ অক্টোবরের মধ্যে ২ হাজার ৮শো টাকা ফিস দিয়ে নিজেদের নাম নথিভুক্ত করতে বলা হয়েছে । আসাম বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ডক্টর পি কে নাথ এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছেন ।

---

বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র কাজিরাঙা জাতীয় উদ্যান আজ থেকে পর্যটকদের জন্য খুলে দেওয়া হয়েছে । জাতীয় উদ্যানে আজ সকাল সাড়ে সাতটা থেকে জিপ সাফারী আরম্ভ হয়েছে । জাতীয় উদ্যান কতৃপক্ষ দূর্গা পূজার সময় পর্যটকদের সুবিধার প্রতি লক্ষ্য রেখে এবার আগে থেকেই জাতীয় উদ্যান খুলে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে । সংগীত শিল্পী

জুবিন গার্গের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপনের মাধ্যমে আজ জাতীয় উদ্যানটি খুলে দেওয়া হয় ।

---

হাইলাকান্দি জেলার প্রতিষ্ঠা দিবস আগামী পয়লা অক্টোবর বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হবে। এই উপলক্ষ্যে গতকাল হাইলাকান্দিতে জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠীত এক সভায় দিবসটি পালনের জন্য নানান কার্যসূচী গ্রহন করা হয়। জেলার সব রাজস্ব সার্কেলে ঐদিন একটি করে বিনামূল্যে স্বাস্থ্য শিবির আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছারা লতাকান্দি ও বোয়ালিপাড়ে বৃদ্ধাশ্রমে বিনামূল্যে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা সহ ফল বিতরনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ঐদিন হাইলাকান্দি ও লালা পুরসভার এলাকায় সাফাই অভিযান চালানো হবে এবং সেপাক ও তাকবাও নামের ক্রীড়া প্রতিযোগিতাও আয়োজন করা হবে ।

---

শ্রীভূমির জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আসন্ন দূর্গা পূজা উৎসবের সময় জেলায়  শান্তি-সম্প্রীতি ও আইন-শৃংখলা পরিস্থিতি বিঘ্নিত না হওয়ার পরিপ্রেক্ষিতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে জেলায় আগামী ২৯শে সেপ্টেম্বর থেকে তেসোরা অক্টোবর পর্য্যন্ত বিনা অনুমতিতে কোন ধরনের বনধ ,

র‍্যালী , ধর্না প্রদর্শন করা যাবে না । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

শ্রীভূমি জেলায় আসন্ন দূর্গা পূজা সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে এবং যেকোন জরুরীকালীন পরিস্থিতিতে যোগাযোগের জন্য একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । জেলা আয়ুক্তের কার্য্যলয়ে থাকা এই কন্ট্রল রুমের নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৬৫১৪৪ । পাশাপাশি পুলিশ বিভাগের কন্ট্রল রুমের নম্বর হচ্ছে -৮০৯৯৬৬২২৭৫ এবং অগ্নি ও জরুরীকালীন পরিষেবার জন্য যোগাযোগ করতে কন্ট্রল রুমের নম্বর হচ্ছে ০৩৮৪৩-২৬২১০১ ।

---

শ্রীভূমি পৌরসভার কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে পৌর এলাকায় যাদের বাড়ী ও দোকানের সামনে সড়কের পাশে ইট,বালি, পাথর রেখেছেন , তারা যেন আসন্ন দূর্গা পূজার আগেই এসব সামগ্রী সরিয়ে নেন । অন্যথায় তাদের বিরুদ্ধে পৌর আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে ।

---